গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল,

মাটিরাঙ্গা, খাগড়াছড়ি।

এবং

জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, জেলা প্রাণিসম্পদ দপ্তর, খাগড়াছড়ি-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০২৪ - জুন ৩০, ২০২৫

## সূচিপত্র

উপজেলা অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র ..... ৩

প্রস্তাবনা ..... ৪

সেকশন ১: উপজেলা অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি ..... ৫

সেকশন ২: উপজেলা অফিসের বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact) ..... ৬

সেকশন ৩: কর্মসম্পাদন পরিকল্পনা ..... ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ..... ১৩

সংযোজনী ২: কর্মসম্পাদন ব্যবস্থাপনা ও প্রমাণক ..... ১৪

সংযোজনী ৩: অন্য অফিসের সঙ্গে সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচকসমূহ ..... ১৬

সংযোজনী ৪-৮: সংস্কার ও সুশাসনমূলক কার্যক্রমের বাস্তবায়ন সংক্রান্ত কর্মপরিকল্পনাসমূহ ..... ১৭

আমি, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, মাটিরাঙ্গা, খাগড়াছড়ি।, জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, জেলা প্রাণিসম্পদ দপ্তর, খাগড়াছড়ি-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট থাকব।

আমি, জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, জেলা প্রাণিসম্পদ দপ্তর, খাগড়াছড়ি হিসাবে উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, মাটিরাঙ্গা, খাগড়াছড়ি।-এর নিকট অঙ্গীকার করছি যে এই চুক্তিতে বর্ণিত লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা<br>উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি<br>হাসপাতাল, মাটিরাঙ্গা, খাগড়াছড়ি। | ২৬.০৬.২০২৪ খ্রি:<br>তারিখ |
| জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা<br>জেলা প্রাণিসম্পদ দপ্তর, খাগড়াছড়ি | ২৬/৬/২৪ খ্রি.<br>তারিখ |

## উপজেলা অফিসের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Upazilla Office)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:**

( ২০২১-২২, ২০২২-২৩, ২০২৩-২৪ অর্থবছর )
বাংলাদেশ এলডিসি পর্যায়ে উত্তরণের প্রেক্ষাপটে এবং ক্রমবর্ধিষ্ণু জনসংখ্যার প্রাণীজ আমিষের (দুধ, ডিম ও মাংস) চাহিদা মেটাতে উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধিতে বিদ্যমান প্রাণিসম্পদের সংরক্ষণ, সম্প্রসারণ ও জাত উন্নয়নক্ষেত্রে চট্টগ্রাম বিভাগে অভাবনীয় অগ্রগতি সাধিত হয়েছে।

* সাম্প্রতিক অর্থবছরসমূহে গবাদিপশুর জাত উন্নয়নে যথাক্রমে ০.০২৫১৩, ০.০৩১৫৫ ও ০.০২৫১৯ লক্ষ প্রজননক্ষম গাভী/বকনাকে কৃত্রিম প্রজননের আওতায় আনা হয়েছে। উৎপাদিত সংকর জাতের বাছুরের সংখ্যা যথাক্রমে ০.০১১২৫, ০.০১০১৯ ও ০.০০৭০৮ লক্ষ।
* বিদ্যমান প্রাণিসম্পদের সংরক্ষণ ও সম্প্রসারণে যথাক্রমে ০.০২৩৮৬, ০.০১৯১ ও ০.০৩ কোটি গবাদিপশু-পাখিকে টিকাপ্রদান করা হয়েছে এবং যথাক্রমে ০.০১৫, ০.০১৫ ও ০.০১৭ কোটি গবাদিপশু-পাখি ও পোষা প্রাণিকে চিকিৎসা প্রদান করা হয়েছে।
* খামারির সক্ষমতা বৃদ্ধি, খামার ব্যবস্থাপনার উন্নয়ন ও খামার সম্প্রসারণে যথাক্রমে ০.০০৩৮, ০.০০০৯৫ ও ০.০০০৬৫ লক্ষ খামারিকে প্রশিক্ষণ প্রদানসহ যথাক্রমে ২৬, ২৭ ও ২৬ টি উঠান বৈঠক পরিচালনা করা হয়েছে।
* নিরাপদ ও মানসম্মত প্রাণীজ আমিষ উৎপাদনে যথাক্রমে ৮৩, ৮১ ও ৮২ টি খামার/ফিডমিল/হ্যাচারি পরিদর্শন, ৩০, ২০ ও ১৫ জন মাংস প্রক্রিয়াজাতকারী (কসাই) প্রশিক্ষণ এবং ১, ১ ও ১ টি মোবাইল কোর্ট পরিচালনা করা হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:**

গবাদিপশুর গুণগত মানসম্পন্ন খাদ্যের অপ্রতুলতা, গবাদিপশু ও পাখির খাদ্যের অস্বাভাবিক মূল্য বৃদ্ধি, রোগের প্রাদুর্ভাব, সুষ্ঠু সংরক্ষণ ও বিপণন ব্যবস্থার অভাব, লাগসই প্রযুক্তির ঘাটতি, প্রণোদনামূলক ও মূল্যসংযোজনকারী উদ্যোগের ঘাটতি, উৎপাদন সামগ্রীর উচ্চমূল্য, জলবায়ু পরিবর্তনের প্রভাব, খামারির সচেতনতা ও ব্যবস্থাপনাগত জ্ঞানের ঘাটতি, সীমিত জনবল ও অপ্রতুল বাজেট বরাদ্দ প্রাপ্তি প্রাণিসম্পদ উন্নয়নে অন্যতম চ্যালেঞ্জ।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

খাদ্য নিরাপত্তা নিশ্চিতকরণে বাজার ব্যবস্থার সংযোগ জোরদারকরণ, পণ্যের বহুমূখীকরণ, নিরাপদ ও মানসম্মত উৎপাদন ব্যবস্থার প্রচলন করা। গবাদিপশু-পাখির রোগনিয়ন্ত্রণ, নজরদারি, চিকিৎসা সেবার মান উন্নয়ন করা। দুধ ও মাংস উৎপাদন বৃদ্ধিতে কৃত্রিম প্রজনন প্রযুক্তির সম্প্রসারণ অব্যাহত রাখা। প্রাণিপুষ্টি উন্নয়নে উন্নতজাতের ঘাস চাষ সম্প্রসারণ, খাদ্য প্রক্রিয়াজাতকরণ প্রযুক্তির প্রসার, টিএমআর প্রযুক্তির প্রচলন, ঘাসের বাজার সম্প্রসারণ ও পশুখাদ্যের মান নিশ্চিতকরণে নমুণা পরীক্ষা কার্যক্রম জোরদার করা। খামারির সক্ষমতা বৃদ্ধিতে প্রশিক্ষণ ও উঠান বৈঠক কার্যক্রম জোরদারসহ প্রাণিসম্পদ সম্পর্কিত আইন, বিধি ও নীতিমালার অনুসরণে মোবাইল কোর্টের আওতা বৃদ্ধি করা হবে ।

**২০২৪-২৫ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- # গবাদিপশুর রোগ প্রতিরোধে ০.০২৪৫২ কোটি টিকা প্রয়োগের মাধ্যমে ভ্যাকসিনেশন কার্যক্রমের সম্প্রসারণ ঘটানো হবে ও নজরদারি ব্যবস্থা জোরদারে ১৮ টি ডিজিস সার্ভিলেন্স পরিচালনা করা হবে । রোগ প্রতিকারে ০.০০১৬ কোটি গবাদিপশু ও ০.০১৩৪ কোটি পোল্ট্রিকে এবং পোষা প্রাণিতে ৫৫ টি উন্নত চিকিৎসা সেবাপ্রদানের ব্যবস্থার গ্রহণ করা হবে ।
- # খামারির সক্ষমতা বৃদ্ধি, খামার ব্যবস্থাপনার উন্নয়ন ও খামার সম্প্রসারণে ০.০০১১ লক্ষ খামারিকে প্রশিক্ষণ প্রদান ও ২৫ টি উঠান বৈঠক পরিচালনা করা হবে ।
- # নিরাপদ ও মানসম্মত প্রাণিজ আমিষ উৎপাদনে ৮০ টি খামার/ফিডমিল/হ্যাচারি পরিদর্শন, ১৪ জন মাংস প্রক্রিয়াজাতকারীদের ( কসাই ) প্রশিক্ষণ এবং ১ টি মোবাইল কোর্ট বাস্তবায়ন করা হবে ।

# প্রস্তাবনা (Preamble)

মন্ত্রণালয়/বিভাগসমূহ এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহি জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, মাটিরাঙ্গা, খাগড়াছড়ি।

এবং

জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, জেলা প্রাণিসম্পদ দপ্তর, খাগড়াছড়ি-এর মধ্যে ২০২৪ সালের জুন মাসের ২৩ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## উপজেলা অফিসের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কর্মসম্পাদনের ক্ষেত্র এবং কার্যাবলি

### ১.১ রূপকল্প (Vision)

সকলের জন্য পর্যাপ্ত, নিরাপদ ও মানসম্মত প্রাণিজ আমিষ সরবরাহকরণ ।

### ১.২ অভিলক্ষ্য (Mission)

প্রানিসম্পদের উৎপাদন ও উৎপাদনশীলতা বৃদ্ধি এবং মূল্য সংযোজনের (Value addition) মাধ্যমে প্রাণীজ আমিষের চাহিদা পূরণ ।

### ১.৩ কর্মসম্পাদনের ক্ষেত্র

#### ১.৩.১ উপজেলা অফিসের কর্মসম্পাদনের ক্ষেত্র

১. গবাদিপশু-পাখির চিকিৎসা, রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ
২. সুশাসন ও সংস্কারমূলক কার্যক্রমের বাস্তবায়ন জোরদারকরণ
৩. মানবসম্পদ উন্নয়ন ও কর্মসংস্থানের সুযোগ সৃষ্টি
৪. প্রাণিজ আমিষ উৎপাদন, আমদানি নিয়ন্ত্রন এবং রপ্তানি বৃদ্ধি সহায়তা

#### ১.৩.২ সুশাসন ও সংস্কারমূলক কর্মসম্পাদনের ক্ষেত্র

### ১.৪ কার্যাবলি (Functions)

১. ১. দুধ, মাংস ও ডিমের উৎপাদন বৃদ্ধি । ২. গবাদিপশু-পাখি ও পোষা প্রাণীর চিকিৎসা প্রদান । ৩. টিকা প্রদান, ডিজিজ সার্ভিলেন্স, নমুনা পরীক্ষার ব্যবস্থা গ্রহণ ও ফ্রি ভেটেরিনারি ক্যাম্প পরিচালনার মাধ্যমে রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ । ৪. জাত উন্নয়নে কৃত্রিম প্রজনন প্রযুক্তি সম্প্রসারণ এবং সংকর জাতের বাছুরের তথ্য সংগ্রহ । ৫. গবাদিপশুর পুষ্টি উন্নয়নে স্থায়ী ঘাস চাষ সম্প্রসারণ । ৬. প্রাণিসম্পদের সম্প্রসারণ ও খামার ব্যবস্থাপনার উন্নয়নে উঠান বৈঠক আয়োজন ও প্রশিক্ষণ প্রদান । ৭. মাংস প্রক্রিয়াজাতকারীদের প্রশিক্ষণ, খামার/ফিডমিল/হ্যাচারি পরিদর্শন, বাণিজ্যিক খামার রেজিষ্ট্রেশন ও নবায়ন এবং মোবাইল কোর্ট বাস্তবায়নের মাধ্যমে মানসম্মত প্রাণীজ আমিষ উৎপাদন ।

## সেকশন ২

## বিভিন্ন কার্যক্রমের ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| ফলাফল/প্রভাব | কর্মসম্পাদন সূচকসমূহ | একক | প্রকৃত অর্জন ২০২২-২৩ | প্রকৃত অর্জন* ২০২৩-২৪ | লক্ষ্যমাত্রা ২০২৪-২৫ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০২৫-২০২৬ | ২০২৬-২০২৭ | | |
| দুধ উৎপাদন বৃদ্ধি | জনপ্রতি দুধের প্রাপ্যতা | পরিমাণ (মিলি/দিন) | ১১৭ | ১২০ | ১২১ | ১৩০ | ১৪০ | বিএলআরআই, মিল্কভিটা, উন্নয়ন সহযোগী সংস্থা | আওতাধীন উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, মাটিরাঙ্গা, খাগড়াছড়ি -এর প্রতিবেদন |
| মাংস উৎপাদন বৃদ্ধি | জনপ্রতি মাংসের প্রাপ্যতা | পরিমাণ (গ্রাম/দিন) | ৬০ | ৬২.৩ | ৬৫.৫ | ৭৫ | ৮৫ | বিএলআরআই, মিল্কভিটা, উন্নয়ন সহযোগী সংস্থা | আওতাধীন উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, মাটিরাঙ্গা, খাগড়াছড়ি -এর প্রতিবেদন |
| ডিম উৎপাদন বৃদ্ধি | জন প্রতি ডিমের প্রাপ্যতা | পরিমাণ (সংখ্যা/বছর) | ৫৭.৪ | ৬১.৫ | ৬৩ | ৭০ | ৮০ | বিএলআরআই, মিল্কভিটা, উন্নয়ন সহযোগী সংস্থা | আওতাধীন উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতাল, মাটিরাঙ্গা, খাগড়াছড়ি -এর প্রতিবেদন |

*সাময়িক (provisional) তথ্য

## জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র, খাগড়াছড়ি পার্বত্য জেলার বিভিন্ন উপকেন্দ্র ও ইউনিয়ন পয়েন্টের ২০২৪-২৫ অর্থ বছরে কৃত্রিম প্রজনন ও বাছুর উৎপাদনের লক্ষ্যমাত্রাঃ

| ক্রমিকনং | জেলা কেন্দ্র, উপকেন্দ্র ও ইউনিয়ন পয়েন্টের নাম | | নাম ও পদবী | | কৃত্রিম প্রজনন লক্ষ্য মাত্রা | | বাছুর উৎপাদন লক্ষ্য মাত্রা | |
|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | মাসিক | বাৎসরিক | মাসিক | বাৎসরিক |
| ১ | খাগড়াছড়ি সদর | জেলা কেন্দ্র ও সদর উপকেন্দ্র | বিমল কান্তি চাকমা | উপ-সহকারি প্রাণিসম্পদ কর্মকর্তা (এআই) | ১২২ | ১৪৬৪ | ৪০ | ৪৮০ |
| ২ | | কমলছড়ি ইউপি পয়েন্ট | মোঃরুবেলহোসেন | এ.আই টেকনেশিয়ান | ৪০ | ৪৮০ | ২০ | ২৪০ |
| ৩ | | ভাইবোনছড়া ইউপি পয়েন্ট | অশোকমিত্রচাকমা | এ.আই টেকনেশিয়ান | ২০ | ২৪০ | ৫ | ৬০ |
| ৪ | | পেড়াছড়া ইউপি পয়েন্ট | দিপায়নত্রিপুরা | এ.আই টেকনেশিয়ান | ২০ | ২৪০ | ৫ | ৬০ |
| ৫ | দিঘীনালা | দিঘীনালা উপকেন্দ্র | রাজীব চাকমা | এফ.এ(এ.আই) | ২৫ | ৩০০ | ১০ | ১২০ |
| ৬ | | দিঘীনালা ইউপি পয়েন্ট | মনিষ চাকমা | এ.আই টেকনেশিয়ান | ৮০ | ৯৬০ | ৩০ | ৩৬০ |
| ৭ | | কবাখালী ইউপি পয়েন্ট | মোঃ লোকমান হোসেন | এ.আই টেকনেশিয়ান | ৪০ | ৪৮০ | ১৫ | ১৮০ |
| ৮ | | মেরুং ইউপি পয়েন্ট | কিরণ চাকমা | এ.আই টেকনেশিয়ান | ২০ | ২৪০ | ১২ | ১৪৪ |
| ৯ | | বোয়ালখালী ইউপি পয়েন্ট | রিপন ত্রিপুরা | এ.আই টেকনেশিয়ান | ২০ | ২৪০ | ৮ | ৯৬ |
| ১০ | পানছড়ি | পানছড়ি সদর ইউপি পয়েন্ট | শোভন চাকমা | এ.আই টেকনেশিয়ান | ৪০ | ৪৮০ | ৮ | ৯৬ |
| ১১ | | চেঙ্গী, ইউপি পয়েন্ট | রুবেল কান্তি দে | এ.আই টেকনেশিয়ান | ৪০ | ৪৮০ | ২০ | ২৪০ |
| ১২ | মহালছড়ি | মহালছড়ি উপকেন্দ্র | রিপ্রু মারমা | এফ.এ(এ.আই) | ৩০ | ৩৬০ | ২০ | ২৪০ |
| ১৩ | | মাইসছড়ি ইউপি পয়েন্ট | সুমন চাকমা | এআই টেকনিশিয়ান | ৮০ | ৯৬০ | ৩০ | ৩৬০ |
| ১৪ | মাটিরাংগা | মাটিরাংগা উপকেন্দ্র | প্রীতি পূর্ণ চাকমা | উপ-সহকারি প্রাণিসম্পদ কর্মকর্তা (এআই) | ৫০ | ৬০০ | ২০ | ২৪০ |
| ১৫ | | মাটিরাঙ্গা ইউপি পয়েন্ট | মোঃ হাছান আলী | এ.আই টেকনেশিয়ান | ৫০ | ৬০০ | ২০ | ২৪০ |
| ১৬ | | গোমতি ইউপি পয়েন্ট | মোঃ মহিউদ্দিন | এ.আই টেকনেশিয়ান | ৩০ | ৩৬০ | ১০ | ১২০ |
| ১৭ | | তাইন্দং ইউপি পয়েন্ট | মোঃ শরীফুল আলম | এ.আই টেকনেশিয়ান | ৩০ | ৩৬০ | ১০ | ১২০ |
| ১৮ | | আমতলী ইউপি পয়েন্ট | মোঃ শাহীন আলম | এ.আই টেকনেশিয়ান | ৩০ | ৩৬০ | ১০ | ১২০ |
| ১৯ | | তবলছড়ি ইউপি পয়েন্ট | মোঃ সিরাজুল ইসলাম | এ.আই টেকনেশিয়ান | ৩৫ | ৪২০ | ২০ | ২৪০ |
| ২০ | | বড়নাল ইউপি পয়েন্ট | মোঃ সাফায়েত হোসেন | এ.আই টেকনেশিয়ান | ৩০ | ৩৬০ | ১০ | ১২০ |
| ২১ | গুইমারা | গুইমারা উপকেন্দ্র | সোনা রতন চাকমা | উপ-সহকারি প্রাণিসম্পদ কর্মকর্তা (এআই) | ৪০ | ৪৪০ | ১২ | ১৪৪ |
| ২২ | | হাফছড়ি ইউপি পয়েন্ট | মোঃ আনোয়ার হোসেন | এ.আই টেকনেশিয়ান | ৩০ | ৩৬০ | ১২ | ১৪৪ |
| ২৪ | | সিন্ধুকছড়ি ইউপি পয়েন্ট | কুবন বিকাশ ত্রিপুরা | এ.আই টেকনেশিয়ান | ১৫ | ১৮০ | ৫ | ৬০ |
| ২ | | গুইমারা সদর ইউপি পয়েন্ট | মোঃ জুনায়েদ | এ.আই টেকনেশিয়ান | ৩৫ | ৪২০ | ১০ | ১২০ |
| ২৪ | রামগড় | রামগড় সদর ইউপি পয়েন্ট | মোঃ জামাল উদ্দিন | এ.আই টেকনেশিয়ান | ৩০ | ৩৬০ | ১২ | ১৪৪ |
| ২৫ | | পাতাছড়া ইউপি পয়েন্ট | মোঃ রমজান আলী | এ.আই টেকনেশিয়ান | ৩০ | ৩৬০ | ১০ | ১২০ |
| ২৬ | মাকিছড়ি | মানিকছড়ি সদর ইউপি পয়েন্ট | মোঃ শেখ মঈন উদ্দিন | এ.আই টেকনেশিয়ান | ৪০ | ৪৮০ | ১২ | ১৪৪ |
| ২৭ | | টিনটহরী ইউপি পয়েন্ট | লাব্রে অং মারমা | এ.আই টেকনেশিয়ান | ৩০ | ৩৬০ | ১০ | ১২০ |
| ২৮ | | যোগ্যছোলা ইউপি পয়েন্ট | সুইচিং মারমা | এ.আই টেকনেশিয়ান | ৩০ | ৩৬০ | ১০ | ১২০ |
| ২৯ | | বাটনাতলী ইউপি পয়েন্ট | মোঃ দেলোয়ার হোসেন | এ.আই টেকনেশিয়ান | ২৫ | ৩৬০ | ১০ | ১২০ |
| ৩০ | লক্ষীছড়ি | লক্ষীছড়ি ইউপি পয়েন্ট | খোকন বিকাশ চাকমা | এ.আই টেকনেশিয়ান | ১৫ | ১৮০ | ৫ | ৬০ |
| ৩১ | | দুল্যাতলী ইউপি পয়েন্ট | দিশন দেওয়ান | এ.আই টেকনেশিয়ান | ১৫ | ১৮০ | ৫ | ৬০ |
| | | | | মোট | ১১৬৭ | ১৪,০০৪ | ৪৩৬ | ৫২৩২ |

১১/৬/২৪
ডা. [illegible] চাকমা
উপ পরিচালক (ভা.প্রা.)
জেলা কৃত্রিম প্রজনন কেন্দ্র
খাগড়াছড়ি পার্বত্য জেলা।